

বি এম বিড়লার ডক্টরস ডে গিফট



ডাঃ ডি এস চোপড়াকে প্রিভিলেজ কার্ড দিচ্ছেন ডাঃ অনিল মিশ্র। উপস্থিত হাসপাতালের সি ও ও সুমশ বোরার

যাঁরা মানুষের সেবায় নিয়োজিত, তাঁদের যত্ন কে নেয়? ডক্টরস ডে উপলক্ষে দেশের অগ্রণী হৃৎচিকিৎসা কেন্দ্র বি এম বিড়লা হার্ট রিসার্চ সেন্টার চিকিৎসকদের জন্য চালু করল প্রিভিলেজ কার্ড। যদি কোনও কারণে হঠাৎ মেডিক্যাল ট্রিটমেন্ট প্রয়োজন পড়ে, এ কার্ড থাকার ফলে নানা সুযোগ-সুবিধে পাওয়া যাবে। অনেকের অভিমত, যতটা চাপের মধ্যে ডাক্তাররা কাজ করেন, তাতে তাঁদের নিজেদের অসুস্থ হওয়াটা বিচিত্র নয়। প্রায় ২০০ ডাক্তারের উপস্থিতিতে এক অনুষ্ঠানে সংবর্ধনা জানানো হল বরিষ্ঠ কার্ডিওলজিস্ট ডাঃ ডি এস চোপড়াকে। ছিলেন

বি এম বিড়লা হার্ট রিসার্চ সেন্টারের চিফ অপারোটিং অফিসার সুমশ বোরার এবং পরিচালন পর্যদ সদস্য এম এল পচেশিয়া।

১৯৮৯-তে চালু হয় বি এম বিড়লা হার্ট রিসার্চ সেন্টার। দেশের মধ্যে তারাই প্রথম এন এ বি এইচ স্বীকৃতি লাভ করে। ২০০৯-এ পুনর্বার এন এ বি এইচ স্বীকৃতি পায় তারা। জটিল থেকে জটিলতর হার্টের রোগের চিকিৎসা এখানে হয়। শিশুদের হৃৎশল্যচিকিৎসায় বিশেষ নজর রয়েছে তাদের।

মৈনাক সেন